

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের
(Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা।

তারিখঃ ২৩/০৮/২০২২ খ্রি.

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (পরিশিষ্ট-ক)


অদ্যকার সভা মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা সভায় উল্লেখ করেন ২০২২-২০২৩ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ৪ কোয়ার্টারে মোট ৪ টি সভা অনুষ্ঠিত করতে হবে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান যে, ফরিদপুর একটি চলনবিল অধ্যুষিত এলাকা। এখানে দেশীয় প্রজাতির মাছের একটি আধার। বর্ষার শুরুতে এখানে দেশীয় প্রজাতির বিভিন্ন প্রজাতির মাছের পোনা বর্ষার পানির সাথে আসে। এগুলো রক্ষা করলে দেশীয় মাছের কোন ঘাটতি থাকবে না। মৎস্যজীবী প্রতিনিধি জনাব শতীষ হলদার জানান, এখানকার স্থানীয় মৎস্যজীবীগণ বর্ষার শুরুতে বর্ষার পানির সাথে মাছের যে রেনু আসে, সেখান থেকেই মৎস্য নিধন শুরু হয়। সাংবাদিক প্রতিনিধি জনাব মোঃ আছাদুর রহমান জানান যে, কিছু অসাধু মৎস্যজীবিরাই মূলত মাছের রেনু থেকে শুরু করে ছোট মাছ পর্যন্ত মৎস্য শিকার করে থাকে। তিনি জানান যে, এগুলোর ব্যাপারে সচেতনতার জন্য ব্যাপক প্রচার যেমন মাইকিং, লিফলেট বিতরণ ও কিছু মোবাইল কোর্ট পরিচালনা করা যেতে পারে।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান যে, ফরিদপুর একটি চলনবিল অধ্যুষিত এলাকা হওয়ার সত্ত্বেও এখানে মাছ চাষে একটি অগ্রগামী উপজেলা। এখানে রুই জাতীয় মাছ চাষের পাশাপাশি শিং, গুলসা ও পাবদা মাছও চাষ হয়ে থাকে। বিশেষ করে এখানে বড়াল নদীতে খাঁচায় মাছচাষের ব্যাপক বিস্তার লাভ করেছে। মৎস্যচাষি প্রতিনিধি জনাব মোঃ কবীর চৌধুরী জানান যে, খাঁচায় মাছ চাষের ক্ষেত্রে খাদ্যের অতিরিক্ত মূল্য মাছচাষের হুমকি সৃষ্টি করেছে এবং মাছের খাদ্যের গুনগত মানও ভাল না। সাংবাদিক প্রতিনিধি জনাব মোঃ আছাদুর রহমান জানান যে, কৃষি উপকরণ যেমন সারের মতো মৎস্য খাদ্যেও ভূর্তকি প্রয়োজন। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান যে, এ অর্থবছরে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর মোট দুইটি খাদ্য নমুনা পরীক্ষার জন্য পরীক্ষাগারে প্রেরণ করতে পারবে।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান যে, ফরিদপুর একটি চলনবিল অধ্যুষিত এলাকা হওয়ার সত্ত্বেও এখানে মাছ চাষে একটি অগ্রগামী উপজেলা। এখানে মাছের খাদ্য বিক্রয় এর জন্য মোট লাইসেন্সকৃত দুইটি প্রতিষ্ঠান রয়েছে। ডিসেম্বর, ২০২২ মাসে বড়াল প্রোল্ট্রি ফিড এর মৎস্য খাদ্যের লাইসেন্স এর মেয়াদ শেষ হবে। যথাসময়ে মৎস্য খাদ্যের লাইসেন্স নবায়ন করার জন্য জনাব মোঃ সেলিম রেজাকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আব্দুল মতিন)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ফরিদপুর, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

স্মারক নং-৩৩.০২.৭৬৩৩.৫০১.৪৮.০০১.২১.২২২


তারিখঃ

২৩/০৮/২০২২ খ্রি.

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) জেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা।

৩) সংশ্লিষ্ট নথি।


সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ফরিদপুর, পাবনা।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের
(Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা।

তারিখঃ ২৩/০৮/২০২২ খ্রি.

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (পরিশিষ্ট-ক)

ক্রমিক নং	নাম ও মোবাইল নম্বর	ঠিকানা	উপস্থিতি হাজিরা স্বাক্ষর
০১	মোঃ মুহাম্মদ হুসেইন ফরিদপুর	ডেপুটি চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফরিদপুর	Kudus
০২	মোঃ মরোয়ার হুসেইন	চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ	Sorah
০৩	মোঃ ছাদিকুল হুসেইন	চেয়ারম্যান, বিভিন্নবর্গী- ইউনিয়ন পরিষদ	Frid
০৪	মোঃ মেহমুদুল হুসেইন	সাংবাদিক	Amad
০৫	মোঃ আব্দুর বুরফ	নিরক্ষর	Burfa
০৬	মোঃ আব্দুল কাদের	নিরক্ষর	Abdul Kader
০৭	মোঃ রানিকুল হুসেইন	চিষ্টুলিয়া, ফরিদপুর	Ranikul
০৮	মোঃ জিয়াউর রহমান	বোম্বাখোলা, হুদুদ	Ziaur
০৯	মোঃ মেহমুদুল হুসেইন	বেড়াডাঙ্গিয়া	Mehmul
১০	মোঃ কাহ্নী	বোম্বাখোলা, হুদুদ	Kahn
১১	মোঃ কাহ্নী	হুদুদ	Kahn
১২	মোঃ বাবুল মিয়া	ডাকঘরডাঙ্গা, হুদুদ	Babul